

C. U.

BENGALI (HONS.) QUESTION PAPERS (PART-I&II)—2012

PART-I

বাংলা—সাম্মানিকঃ প্রথম পত্র — ২০১২

পূর্ণমান — ১০০

(৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়)

১। (ক) “শ্রীকৃষ্ণকীর্তন” কাব্যটির রচয়িতা কে? কাব্যটির আবিষ্কারক, আবিষ্কারকাল, প্রকাশকাল, প্রকাশন-সংস্থার নাম লেখো এবং কাব্যটির সাহিত্যিক মূল্য আলোচনা করো। ১+৪+১০

অথবা, (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার প্রণয়মূলক আখ্যানগুলির সাহিত্যিক বিশেষত্ব কোথায়? এই প্রেক্ষাপটে সৈয়দ আলাওলের কবি-প্রতিভার পরিচয় দাও। ৫+১০

২। যে-কোন দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও : ৫×২
শ্রীকৃষ্ণবিজয়, চৈতন্য চরিতামৃত, অন্নদামঙ্গল, কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল, কাশীরাম দাসের মহাভারত।

৩। (ক) বাংলা গদ্যসাহিত্যে প্রমথ চৌধুরীর অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫
অথবা, (খ) আধুনিক বাংলা গীতিকবিতা সৃষ্টিতে বিহারীলাল চক্রবর্তীর কৃতিত্ব কতখানি তা বুঝিয়ে লেখো। ১৫

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোন দুটি) : ৫×২
তত্ত্ববোধিনী পত্রিকা, মীর মশাররফ হোসেন, বর্তমান ভারত, বনলতা সেন, ছাড়পত্র।

৫। (ক) ঔপন্যাসিক শরৎচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো। ১৫
অথবা, (খ) বাংলা নাটকের ইতিহাসে গিরিশচন্দ্র ঘোষের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোন দুটি) : ৫×২
কৃষ্ণকুমারী, চন্দ্রগুপ্ত, সোমেন চন্দ, গণদেবতা, ছেড়া তার।
(বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) বাংলা ভাষাকে কাল অনুযায়ী শ্রেণীবিভাগ করো। প্রাচীন বাংলা ভাষার প্রধান ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ৩+১২

অথবা, (খ) শব্দভান্ডার বলতে কী বোঝো? বাংলা শব্দ ভান্ডারের প্রধান শ্রেণী বিভাজন দেখিয়ে মৌলিক উপাদান বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+১২

৮। (ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) : ৫×২
সাদৃশ্য, অপিনিহিতি, বিপ্রকর্ষ, সংকর শব্দ, সমীভবন।

অথবা, (খ) যে-কোনো পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা রচনা করো : ২×৫
হাসপাতাল, উনিশ, উজবুক, হাঁদারা, পাষণ্ড, রাই, আস্তাবল, কুলুপ, ওঝা, আনারস।

বাংলা সাম্মানিক : দ্বিতীয় পত্র — ২০১২

পূর্ণমান—১০০

(৪, ৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ৭৫, ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লেখা বাঞ্ছনীয়)

১। (ক) দলবৃত্ত বা স্বাসাঘাত প্রধান ও স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ১০

অথবা, (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোন দুটি) : ৫+৫
মাত্রা, ছেদ ও যতি, পঙ্ক্তি, স্তবক, পয়ারের শোষণ শক্তি।

২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি প্রণয়ন করো : ৫×২
(মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)

(ক) কি কহব রে সখি আনন্দ ওর।

চিরদিন মাধব মন্দিরে মোর ॥

পাপ সুধাকর যত দুখ দেল।

পিয়া মুখ দরশনে তত সুখ ভেল ॥

(খ) আপন মাধুর্যে হরে আপনার মন।

আপনা আপনা চাহে করিতে আলিঙ্গন ॥

(গ) তিমির রাত্রি মাতৃ-মন্ত্রী সান্ত্বীরা সাবধান,

যুগ যুগান্ত সঞ্চিত ব্যথা ঘোষিয়াছে অভিযান।

(ঘ) গঙ্গা প্রাপ্তির আশা করে গঙ্গাবাত্রা করেছিলাম,

তোমাদের না বলে কয়ে আস্তে আস্তে সরেছিলাম।

(ঙ) প্রয়োজন নেই কবিতার স্নিগ্ধতা

কবিতা তোমায় দিলাম আজকে ছুটি

ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

৩। (ক) রূপক অলংকার কাকে বলে? এই অলংকারের বিবিধ শ্রেণির নামোল্লেখ করে যে-কোনো দুটি শ্রেণির স-দৃষ্টান্ত ব্যাখ্যা করো। ৪+৩+৮